



গ্যালিলিও গ্যালিলি পদক পেলেন এনএসইউর ড. মাহদী

অপটিক্যাল ও কোয়ান্টাম মেকানিক্যাল ম্যানিপুলেশনে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ ২৬তম ইন্টারন্যাশনাল কমিশন ফর অপটিক্স (আইসিও) সম্মেলনে গতকাল মর্যাদাপূর্ণ গ্যালিলিও গ্যালিলি মেডেল নেন নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) তড়িৎ ও কম্পিউটার প্রকৌশল বিভাগের সহযোগী অধ্যাপক ড. মাহদী রহমান চৌধুরী। প্রথম বাংলাদেশী হিসেবে এ পুরস্কার লাভ করেন তিনি। ফলে তিনি 'আইসিও গোল্ডেন বুক'-এ স্থান অর্জন করেছেন। সম্মেলনে উপস্থিত ছিলেন পদার্থবিজ্ঞানে নোবেল বিজয়ী দুই বিজ্ঞানী অধ্যাপক অ্যান ল'হুইলিয়ার ও অধ্যাপক ডোনা স্ট্রিকল্যান্ড।